
# <u>MyGov BD User Manual</u>

## <u>রেজিস্ট্রেশন প্রক্রিয়া</u>

১. **রেজিস্ট্রেশন** করার জন্য নিচের লিংকে ক্লিক করুণ


https://www.mygov.bd/

২. এই লিংকে ক্লিক করলে নিচের ছবির মত UI ইন্টারফেস আসবে। রেজিস্ট্রেশন করার জন্য **রেজিস্ট্রেশন** বাটনে ক্লিক করুন।





### <u>রেজিস্ট্রেশন করার জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করুন</u>

ক. মোবাইল নম্বর অপশনে ক্লিক করে রেজিস্ট্রেশন করুন। আপনার নাম ইংরেজিতে লিখুন এবং মোবাইল নম্বর এর তথ্য দিয়ে রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করুন।




খ. রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করলে নিচের মতো UI আসবে যেখানে আপনার মোবাইল নম্বরে ০৬ ডিজিটের একটি OTP যাবে এবং তা এখানে ইনপুট দিতে হবে




গ. OTP প্রবেশ করিয়ে **সাবমিট বাটনে** ক্লিক করলে নিম্নোক্ত UI ইন্টারফেস দেখাবে। এবং এখানে আপনার গোপন পিন নম্বর দিয়ে পাসওয়ার্ড হালনাগাদ করুন বাটনে ক্লিক করুন।




ঘ. **পাসওয়ার্ড হালনাগাদ করুন বাটনে** ক্লিক করলে অভিনন্দন মেসেজ পাবেন।





## লগইন প্রক্রিয়া

**লগ ইন করার জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করুনঃ**

ক. লগ ইন করার জন্য **লগইন বাটন** চাপুন তাহলে নিম্নোক্ত UI আসবে। এখান থেকে **আবেদনকারী লগইন** বাটনে ক্লিক করুন।




খ. **আবেদনকারী লগইন** বাটনে ক্লিক করলে নিচের মত UI ইন্টারফেস আসবে। একাউন্ট খোলার সময় যে মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করেছেন তা এখানে পূরণ করে লগইন বাটনে ক্লিক করুন।




# <u>প্রোফাইল ব্যবস্থাপনা প্রক্রিয়া</u>

**<u>লগইন করার পর প্রোফাইল হালনাগাদ এবং জাতীয় পরিচয়পত্র ভেরিফিকেশন করার ধাপসমূহ ঃ</u>**


ক. লগইন করার পর আপনার নামের পাশে যে আইকনটি আছে সেটিতে ক্লিক করুন




তারপর নিচের মতো একটি POP-UP উইনডো আসবে সেখান থেকে **প্রোফাইল বাটনে** ক্লিক করুন





**প্রোফাইলে** ক্লিক করলে নিচের মতো একটি ফর্ম আসবে ফর্মটি যথাযথভাবে পূরণ করুন।




ফর্ম পূরণ শেষে **জাতীয় পরিচয়পত্র ভেরিফাই** করুন। ভেরিফাই করার জন্য **ভেরিফাই করুন বাটনে** ক্লিক করুন।





**ভেরিফাই বাটনে** ক্লিক করলে নিচের মতো POP-UP উইন্ডো আসবে।




চিহ্নিত স্থানে জাতীয় পরিচয়পত্র নম্বর ইংরেজীতে প্রবেশ করুন। এবং **হালনাগাদ ও যাচাই করুন** বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে আপনার প্রোফাইল ছবি আপডেট হবে সাথে জাতীয় পরিচয়পত্রের পাশে ঠিক মার্ক দেখাবে এবং সফল ভাবে যাচাই সম্পন্ন হয়েছে মেসেজ দেখাবে।



এরপর প্রোফাইল ফর্মের নিচে **হালনাগাদ করুন বাটনে** ক্লিক করুন।





হালনাগাদ বাটনে ক্লিক করলে সফল হয়েছে মেসেজ দেখাবে




# <u>আবেদন প্রক্রিয়া</u>


ক. হোম পেজে গিয়ে **মন্ত্রণালয়/দপ্তর ভিত্তিক** (লাল কালার দিয়ে চিহ্নিত স্থান) বাটনে ক্লিক করুন





খ. তারপর ভিজিবল POP-UP উইন্ডোর বাম পাশের ম্যানু থেকে **অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নির্বাচন করুন** এবং **আর্থিক প্রতিষ্ঠান বিভাগ** অপশনে ক্লিক করুন।



গ. তাহলে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি Visible হবে এবং **মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি** তে ক্লিক করুন।





ঘ. **মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি** তে ক্লিক করলে তিনটি অপশন দৃশ্যমান হবে





আপনার প্রয়োজনানুযায়ী সেবা নির্বাচন করুন। এখানে **ব্যবসা সংক্রান্ত সেবার** ডেমো দেখানো হলো।

ব্যবসা সংক্রান্ত সেবা ম্যানুতে ক্লিক করলে নিম্নের মতো ১১ টি অপশন দেখাবে।




আপনার প্রয়োজনানুযায়ী সেবা নির্বাচন করে ক্লিক করুন। তাহলে নিচের মতো উইনডো দেখাবে।




১১ টি অপশনের যেকোন অপশনে ক্লিক করলে এরকম পেজ আসবে এবং আবেদন করতে **আবেদন করুন** বাটনে ক্লিক করুন।

**আবেদন করুন** বাটনে ক্লিক করলে নিচের মতো ফর্ম পেজ আসবে ।

## সেবা সংশ্লিষ্ট তথ্য

**প্রয়োজনীয় কাগজপত্র**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

- ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করা বিষয়ক অথরিটিতে ইতঃপূর্বে প্রদত্ত প্রতিষ্ঠানের ঘোষণার ছায়ালিপি/প্রমাণক *
- বিগত পাঁচ বছরের নিরীক্ষা প্রতিবেদন এর আয়-ব্যয় বিবরণী ও উদ্বৃত্তপত্রের ছায়ালিপি (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- ১০ বছরের ঋণ আদায়ের ক্রমপুঞ্জিভূত হার সংশ্লিষ্ট ষাণ্মাসিক/নিরীক্ষা প্রতিবেদনের অংশের ছায়ালিপি (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- আমানতের বিপরীতে তারল্য সংক্রান্ত এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ কপি (টপ সীটসহ) (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- মেয়াদী আমানত গ্রহণ করা হচ্ছে না মর্মে তথ্য প্রদান এবং মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্তির পর বিষয়টি পরিপালন করা হবে মর্মে অঙ্গীকার প্রদান *
- সংরক্ষিত তহবিল সংক্রান্ত এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ ছায়ালিপি (টপসীটসহ) (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- সঞ্চয় ও ঋণস্থিতির অনুপাত সংক্রান্ত আর্থিক/ষাণ্মাসিক বিবরণী (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- ঋণগ্রহীতা ও গ্রাহক সংখ্যার অনুপাত সংক্রান্ত ষাণ্মাসিক প্রতিবেদন *
- মেয়াদী আমানত গ্রহণের নীতিমালা (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *
- পরিচালনা পর্ষদের অনুমোদন (সংযুক্তিটি গুগল ড্রাইভে আপলোড করে ড্রাইভ লিঙ্কটি ফরমে পেষ্ট করতে হবে) *

**সেবার ফি**

বিনামূল্যে

**সেবা প্রদানের সময়সীমা**

৩০ কার্যদিবস

## মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন

| প্রাপক অফিস | অন্যান্য দপ্তর/সংস্থা |
|---|---|
| | অন্যান্য প্রতিষ্ঠান |
| | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি |

বরাবর,
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা -১২১৭।

বিষয়: মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমাদের প্রতিষ্ঠানটি wyvwyvyw তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি হতে সনদ (সনদ নং- wyvwyvwyv )লাভ করে। সনদ প্রাপ্তির পর থেকে প্রতিষ্ঠানটি অথরিটির বিধিবিধান অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে প্রতিষ্ঠানটি wyvwyvwyv টি জেলায় ywvwyvwyv টি শাখার মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে।প্রতিষ্ঠান কর্তৃক মেয়াদী আমানত প্রকল্প চালু করতে আগ্রহী। ষাণ্মাসিক প্রতিবেদন, নিরীক্ষা বিবরণী ও সংশ্লিষ্ট অন্যান্য দলিলাদি পর্যালোচনায় আমাদের প্রতিষ্ঠান কর্তৃক মাসিক অথবা মাসভিত্তিক মেয়াদী আমানত গ্রহণ বিষয়ক শর্তাদি পরিপালনে প্রতিষ্ঠানের অবস্থা নিম্নরূপ:

**১। ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় নূন্যতম ১০ বছরের অভিজ্ঞতার বিবরণ:**

ywv,,wyvwyvwyv

**২। সর্বশেষ ৫ বছর লাভজনকভাবে প্রতিষ্ঠান পরিচালনার বিবরণ:**

| ক্রমিক | অর্থ বছর | লাভের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | vwyvwyv | wyvwyvv | wyvwyv |
| ২ | wwywy | vwyvwyv | wvwyvwy |
| ৩ | wvwyv | vw | vwy |
| ৪ | wyvwyvyw | wyvwyvwy | wvwyvwy |
| ৫ | vwvwyvw | vw&& | ByDwvDw |

**৩। বিগত ১০ বছরের ঋণ আদায়ের ক্রমপুঞ্জিভূত হার এবং চলতি ঋণ আদায়ের হার এর পরিমাণ(ক্রমপুঞ্জিভূত হার নূনতম ৯৫% এবং চলতি ঋণ আদায়ের হার ৯০% এর কম হবে না)**

| ক্রমিক | অর্থবছর | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায়ের হার | চলতি ঋণ আদায়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | BvyBy& | AvwByBy | ¦vev& | |
| ২ | Bvvw¦ | AvwyDw | By& | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |
| ৬ | | | | |
| ৭ | | | | |
| ৮ | | | | |
| ৯ | | | | |
| ১০ | | | | |

**৪। সংশোধিত বিধি ৩৪ এর উপবিধি (১) অনুযায়ী মোট আমানতের ১০% তারল্য সঞ্চিতি হিসেবে তফসিলভুক্ত ব্যাংক হিসাবের বিবরণ :**

| ভিত্তি সময় জুন/ ডিসেম্বর | সঞ্চয়স্থিতি | প্রযোজ্য তারল্যের পরিমাণ | প্রকৃত তারল্য সংরক্ষণ: এফডিআর | প্রকৃত তারল্য সংরক্ষণ: ব্যাংক স্থিতি | সংরক্ষিত তারল্যের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| AvAv¦ | eyDwvy | &AvywAv | yvwwyvwy | wvwy&& | AveAvwIlv | wvwyvwy |

+ Add More — Remove

**৫। মোট মেয়াদী আমানতের পরিমাণ পৃথকভাবে প্রতিষ্ঠানের পুজির ৪০% এর অধিক হবে না।***

ywByByBy

**৬। বিধি-২০(১) অনুযায়ী প্রতিষ্ঠানের মোট উদ্বৃত্তের ১০% অর্থ দ্বারা সংরক্ষিত তহবিল গঠনের বিবরণ:**

| ভিত্তি সময় জুন | ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত | প্রযোজ্য সংরক্ষিত তহবিলের পরিমাণ | প্রকৃত সংরক্ষণ | সংরক্ষিত তহবিলের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| wyBy& | ByBy& | ByvBvyAv | wyvwyvwy | vwvwyvwy | wyvwyvwv |

+ Add More — Remove

**৭। বিধি -২৭(২) অনুযায়ী - প্রতিষ্ঠানের সঞ্চয়স্থিতি ও ঋণস্থিতির অনুপাত (অনুপাত ৮০:১০০ হতে হবে):**

| ভিত্তি সময় জুন/ডিসেম্বর | ঋণস্থিতি | সঞ্চয়স্থিতি | সঞ্চয়স্থিতি ঋণস্থিতির % | মন্তব্য |
|---|---|---|---|---|
| vwyvwy | vwyvwyv | AvevAvw | wyvwyvyw | wyvwyvwy |

+ Add More — Remove

**৮। বিধি - ১৩(৩) অনুযায়ী প্রতিষ্ঠানের ঋণগ্রহীতা ও গ্রাহক সংখ্যার অনুপাত (ঋণগ্রহীতা ও গ্রাহক সংখ্যার অনুপাত ৭০:১০০ হতে হবে):**

| ভিত্তি সময় জুন/ডিসেম্বর | সদস্য সংখ্যা | ঋণগ্রহীতা | ঋণগ্রহীতা ও সদস্যের % | মন্তব্য |
|---|---|---|---|---|
| wvwyvw | wyB& | Byvwyvwyv | wvwy,,vwy | w,,yvwyv |

+ Add More — Remove

৯।বিগত পাঁচ বছরের নিরীক্ষা প্রতিবেদন এর আয়-ব্যয় বিবরণী ও উদ্বৃত্তপত্রের ছায়ালিপি:*

wvByB

১০। ১০ বছরের ঋণ আদায়ের ক্রমপুঞ্জিভূত হার সংশ্লিষ্ট ষাণ্মাসিক/নিরীক্ষা প্রতিবেদনের অংশের ছায়ালিপি:*

wByByDw

১১। আমানতের বিপরীতে তারল্য সংক্রান্ত এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ কপি (টপ সীটসহ):*

ByByBy&

১২। সংরক্ষিত তহবিল সংক্রান্ত এফডিআর ও ব্যাংক বিবরণীর হালনাগাদ ছায়ালিপি (টপসীটসহ):*

Bvwyvwy&

১৩। সঞ্চয় ও ঋণস্থিতির অনুপাত সংক্রান্ত আর্থিক/ষাণ্মাসিক বিবরণী:*

Bvwyvwyvwyv

১৪। পরিচালনা পর্ষদের অনুমোদন:*

ByBy&

১৫। মেয়াদী আমানত গ্রহণের নীতিমালা:*

AvwyeBvyewvyDw

সার্বিক বিষয়াদি পর্যালোচনায় গ্রাহকদের নিকট হতে মাসিক/মাস ভিত্তিক মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রদানের জন্য অথরিটিকে অনুরোধ করা হলো।

তারিখ:*

24-09-2024

স্বাক্ষর

**সংযুক্তি**


- ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করা বিষয়ক অথরিটিতে ইতঃপূর্বে প্রদত্ত প্রতিষ্ঠানের ঘোষণার ছায়ালিপি/প্রমাণক *
- মেয়াদী আমানত গ্রহণ করা হচ্ছে না মর্মে তথ্য প্রদান এবং মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্তির পর বিষয়টি পরিপালন করা হবে মর্মে অঙ্গীকার প্রদান *
- ঋণগ্রহীতা ও গ্রাহক সংখ্যার অনুপাত সংক্রান্ত ষাণ্মাসিক প্রতিবেদন *

আবেদন করুন | খসড়া সংরক্ষণ করুন




কপিরাইট © ২০২৪ সর্বস্বত্ব সংরক্ষিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা ও বাস্তবায়নে a2i | Cabinet Division | ICT Division


এটি ভালোভাবে পূরণ করে সংরক্ষণ করার জন্য **খসড়া সংরক্ষণ করে রাখুন** বাটনে ক্লিক করুন। (উল্লেখ্য, **খসড়া সংরক্ষণ করুন** অথবা **আবেদন করুন বাটনে** ক্লিক করলে আবেদন সাবমিট হয়)।




**খসড়া সংরক্ষণ করুন** বাটনে ক্লিক করলে নিচের মতো পেজ আসবে। এখান থেকে আবেদনের রিসিটের জন্য **আবেদনের রিসিট** বাটনে ক্লিক করুন, আবেদনপত্র দেখার জন্য **আবেদনপত্র দেখুন** বাটনে ক্লিক করুন, সংশোধন করার জন্য **সংশোধন করুন** বাটনে ক্লিক করুন এবং প্রিন্ট করার জন্য **প্রিন্ট করুন** বাটনে ক্লিক করুন।



**নমুনা: আবেদনের রিসিট** বাটনে ক্লিক করলে নিম্নোক্ত রিসিট দেখতে পাবেন।




রিসিট প্রিন্ট করতে প্রিন্ট বাটনে ক্লিক করুন।

উপরিউক্ত ধাপসমূহ অনুসরণে আপনি ওয়েবসাইট ব্যবহার করে ঘরে বসেই মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সকল অনলাইন সেবা গ্রহণ করতে পারবেন।

# ধন্যবাদ